

### ইংরেজী শিক্ষক দাবিতে বরিশালে লাগাতার ক্লাস বর্জন

স্টাফ রিপোর্টার, বরিশাল। ইংরেজী শিক্ষক নিয়োগ ও ম্যানেজিং কমিটির সভাপতির স্বেচ্ছাচারিতার প্রতিবাদে গত ৫ দিন থেকে শিক্ষার্থীদের ক্লাস বর্জনের ফলে লেখাপড়া মারাত্মক ব্যাহত হচ্ছে। ঘটনাটি জেলার উজিরপুর উপজেলার হস্তিন্দেব এইচএম ইনস্টিটিউশনের। সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে, ওই মাধ্যমিক বিদ্যালয়ে দীর্ঘদিন থেকে ইংরেজী ও সমাজবিজ্ঞান বিষয়ের দুইজন

শিক্ষকের পদ শূন্য রয়েছে। এরই মধ্যে শিক্ষক নিয়োগের জন্য গত ৪ মে ম্যানেজিং কমিটির জরুরী বৈঠক হয়। ওই বৈঠকে ম্যানেজিং কমিটির সভাপতি ও স্থানীয় প্রভাবশালী বিএনপি নেতা জামাল হোসেন সরদারের নিকটাত্মীয় জনৈক নারীকে সমাজবিজ্ঞান বিষয়ে নিয়োগ দেয়ার জন্য প্রধান শিক্ষককে রেজুলেশন করতে বলেন। এ সময় ওই সভায় উপস্থিত ১২ সদস্যের ম্যানেজিং কমিটির ৯ সদস্য সভাপতির এ নির্দেশের প্রতিবাদ করে বলেন, আগে ইংরেজী শিক্ষক নিয়োগ পরবর্তীতে সমাজবিজ্ঞানের শিক্ষক নিয়োগ করা হবে।